



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৭ নং সদরপুর ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।

ইউনিয়ন জন্ম-মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ জনাব কাজী জাফর, চেয়ারম্যান, সদরপুর ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর।
স্থান	ঃ ইউনিয়ন পরিষদ সভাকক্ষ
সভার তারিখ	ঃ ২৫/০৯/২০২৩ ইং
সময়	ঃ বেলা ১১:০০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা	ঃ (পরিশিষ্ট - ক)

অদ্য ২৫/০৯/২০২৩ ইং তারিখে সদরপুর ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব কাজী জাফরের সভাপতিত্বে সদরপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সদরপুর ইউনিয়নের জন্ম-মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি সাহেব উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

আলোচ্যসূচী-১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা ও সিদ্ধান্তঃ সভায় সভাপতি সাহেবের অনুমতিতে বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

আলোচ্যসূচী-২ঃ সরকার কর্তৃক ধার্যকৃত জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে অনলাইন সার্ভার ত্রুটিজনিত কারণে জনসাধারণের হয়রানি প্রসঙ্গে।

আলোচনা : সভাপতি সাহেব জানান যে, ইউনিয়ন পরিষদের উপর আরোপিত কাজ সমূহের মধ্যে জন্ম- মৃত্যু নিবন্ধন কার্যক্রম সর্বাধিক গুরুত্বপূর্ণ। তিনি জানান চলতি মাসের প্রথম থেকেই জন্ম- মৃত্যু নিবন্ধন অনলাইন সার্ভারে ত্রুটি থাকায় নিবন্ধন কার্যক্রম প্রায় অচল অবস্থায় রয়েছে। জন্ম-মৃত্যু নিবন্ধন কাজ করতে গিয়ে কোন না কোন জটিলতা সৃষ্টি হচ্ছে। কখনো ওটিপি ছেড়ে দেয়, কখনো টাকা রিসিভ করেনা, আবার কখনো সার্ভার সিস্টেম ফেইলর দেখায়। ফলে জন্ম- মৃত্যু নিবন্ধন আবেদনকারী বা অভিভাবকগণ প্রতিনিয়ত হয়রানির শিকার হচ্ছেন। জন্ম-মৃত্যু নিবন্ধন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় হতে ০-১ বছরের শিশুর জন্ম নিবন্ধন ও কোন ব্যক্তির মৃত্যুর তারিখ হতে ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য নির্দেশনা রয়েছে। সেই লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদ তথা নিবন্ধকের কার্যালয়ে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় হতে ০-১ বছরের জন্ম ও মৃত্যু নিবন্ধনের একটি টার্গেট ধার্য করেছেন। জন্ম-মৃত্যু নিবন্ধন সফটওয়্যারে ব্যাপক ত্রুটি পরিলক্ষিত হওয়ায় ০-১ বছরের শিশুর জন্ম এবং ০-১ বছরের মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ধার্যকৃত টার্গেট পূরণের প্রচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হতে চলেছে। সভায় সভাপতি সাহেব এ ব্যাপারে সৃষ্ট সমস্যার সমাধানে কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেন। তিনি সভায় উপস্থিত ইউপি সদস্য, সচিব, গ্রাম পুলিশ, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, পরিবার কল্যাণ পরিদর্শকসহ সর্শ্রিষ্ট সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সাফল্যের ধারাবাহিকতা ধরে রাখার বিষয়ে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানান। ইউপি সচিব জানান গত মে/২০২৩ হতে পরপর তিন মাসে আমাদের লক্ষ্যমাত্রার

চেয়েও অনেক বেশি নিবন্ধন হয়েছে। সফটওয়্যারে ত্রুটি না থাকলে এ মাসেও অত্র সদরপুর ইউনিয়নের টার্গেট পূরণ হবে বলে তিনি আশাবাদী।

সভাপতি সাহেব জন্ম- মৃত্যু নিবন্ধন কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সকলকে অনুোধ জানান। অতঃপর সভায় অন্যকোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব সভার সমাপ্তি ঘোষণা করেন।



কাজী জাফর
চেয়ারম্যান
৭নং সদরপুর ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।
তারিখঃ ২৫/০৯/২০২৩ খ্রিঃ

স্মারক নং- সইপ/সদর/২০২৩-১৫(২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
- ৪। অফিস নথি।



কাজী জাফর
চেয়ারম্যান
৭নং সদরপুর ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।

০৭ নং সদরপুর ইউনিয়ন পরিষদ

সদরপুর, ফরিদপুর।

ইউনিয়ন জন্ম-মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

তারিখঃ ২০।০৩।২০২৩ খ্রিঃ

ক্রমিক নং	নাম	পরিচয়	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	কাজী জাফর	ইউ,পি চেয়ারম্যান	সভাপতি	
০২	আশা আক্তার	ইউ,পি সদস্য	সদস্য	
০৩	রহিমা বেগম	ইউ,পি সদস্য	সদস্য	
০৪	ফাহিমা বেগম	ইউ,পি সদস্য	সদস্য	
০৫	মোঃ আরিফ মোল্লা	ইউ,পি সদস্য	সদস্য	
০৬	মোঃ হাফিজুর	ইউ,পি সদস্য	সদস্য	
০৭	মোঃ ইদ্রিস আলী	ইউ,পি সদস্য	সদস্য	
০৮	শাহাদাত হোসেন	ইউ,পি সদস্য	সদস্য	
০৯	মোঃ আবুল হোসেন	ইউ,পি সদস্য	সদস্য	
১০	মোঃ বাবুল বেপারী	ইউ,পি সদস্য	সদস্য	
১১	আঃ রব মোল্লা	ইউ,পি সদস্য	সদস্য	
১২	হানিফ শিকদার	ইউ,পি সদস্য	সদস্য	
১৩	আবু সাঈদ	ইউ,পি সদস্য	সদস্য	
১৪	দিপালী রানী শীল	সহকারী স্বাস্থ্য পরিদর্শক	সদস্য	
১৫	মোঃ আবু জাফর	পরিবার কল্যান পরিদর্শক	সদস্য	
১৬	টিপু সুলতান	এনজিও প্রতিনিধি	সদস্য	
১৭	পারভীন আক্তার	এনজিও প্রতিনিধি	সদস্য	
১৮	ডাঃ ফিরোজ মাহমুদ	স্থানীয় সমাজ কর্মী	সদস্য	
১৯	মোঃ হায়দার আলী দেওয়ান	স্থানীয় সমাজ কর্মী	সদস্য	
২০	মশিউর রহমান	ইউনিয়ন পরিষদ সচিব	সদস্য-সচিব	